

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 22-01-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে বেটি বাঁচাও বেটি পড়াও আন্দোলন একটি রূপান্তরমূলক, জনশক্তি চালিত উদ্যোগে পরিণত হয়েছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন স্বাস্থ্য, পর্যটন থেকে শুরু করে প্রতিটি ক্ষেত্রে ত্রিপুরা এখন দেশে অনুপ্রেরণা হিসেবে কাজ করে চলেছে।
- (৩) সরকার বিপণন মরসুম ২০২৫-২৬ এর জন্য কাঁচা পাটের ন্যূনতম সমর্থন মূল্য বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।
- (৪) খেলো ইন্ডিয়া শীতকালীন ক্রীড়া-২০২৫-এর মধ্য দিয়ে আগামীকাল লাদাখে খেলো ইন্ডিয়া পর্বের সূচনা হবে।

\*\*\*\*\*

**Beti Banchao, Beti Padao :**

বেটি বাঁচাও বেটি পড়াও আন্দোলনের ১০ বছর পূর্তিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে আন্দোলনটি একটি রূপান্তরমূলক, জনশক্তি চালিত উদ্যোগে পরিণত হয়েছে এবং জীবনের সর্বস্তরের মানুষের অংশগ্রহণের জন্য এটি তৈরি হয়েছে। সামাজিক মাধ্যমে তিনি বলেন, এটি লিঙ্গ বৈষম্য কাটিয়ে উঠতে সহায়ক হয়েছে এবং শিশু কণ্যার শিক্ষা ও তার স্বপ্ন অর্জনের সুযোগ নিশ্চিত করার জন্য সঠিক পরিবেশ তৈরি করেছে। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে সচেতনতামূলক প্রচার লিঙ্গ সমতার গুরুত্ব সম্পর্কে গভীর উপলব্ধি তৈরি করেছে। তিনি উল্লেখযোগ্য মাইলফলক

অর্জনের জন্য জনগণ এবং বিভিন্ন সম্প্রদায়ের সেবা সংস্থার নিবেদিত প্রচেষ্টাকে ধন্যবাদ জানান। তৃণমূল পর্যায়ে এই আন্দোলনকে যেসব অংশীদার বাস্তবায়িত করেছেন, তাদের প্রশংসা করেন। তিনি কন্যাদের অধিকার রক্ষা ও তাদের শিক্ষা নিশ্চিত করে এমন একটি সমাজ তৈরি করার জন্য সকলকে আহ্বান জানান যেখানে তারা বৈষম্য ছাড়াই উন্নতি করতে পারবে।

\*\*\*\*\*

#### **Beti Banchao Beti Padao-Seminar :**

এদিকে, বেটি বাঁচাও বেটি পড়াও আন্দোলনের দশম বর্ষপূর্তি উপলক্ষ্যে আজ মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রকের উদ্যোগে নতুন দিল্লির বিজ্ঞান ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্তর্পূর্ণা দেবী এই আন্দোলনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

#####Byte-Annapurna Devi#####

\*\*\*\*\*

#### **Beti Bachao Beti Padhao-South :**

বেটি বাঁচাও, বেটি পড়াও কর্মসূচির ১০ বছর পূর্তির দক্ষিণ জেলাভিত্তিক অনুষ্ঠান আজ শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। অনুষ্ঠানে বাল্য বিবাহের বিরুদ্ধে রুখে দাঁড়ানোয় বিলোনিয়ার আমজাদ নগরের জোৎস্না আক্তার, সাবেক লুধুয়া হাইস্কুলের বালিকা মঞ্চের চেয়ারপার্সন প্রিয়াংকা ত্রিপুরা ও জাতীয় স্তরের ভারোত্তোলন প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী বিলোনিয়া ইংরেজী মাধ্যম দ্বাদশ স্কুলের ছাত্রী বিনীষা সাহাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। তাছাড়াও বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির সপক্ষে স্বাক্ষর সংগ্রহ অভিযান, শপথ গ্রহণ ও বাল্য বিবাহের কুফল ও

মহিলাঘটিত অপরাধের বিরুদ্ধে জনসচেতনতা বাড়াতে জন আন্দোলন রথের সূচনা করেন অনুষ্ঠানের অতিথিরা।

\*\*\*\*\*

#### **CM-Kolkata :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন স্বাস্থ্য, পর্যটন থেকে শুরু করে প্রতিটি ক্ষেত্রে ত্রিপুরা এখন দেশে অনুপ্রেরণা হিসেবে কাজ করে চলেছে। আজ কলকাতা ন্যাশনাল লাইব্রেরীর ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জী ভাষা ভবনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপর লিখিত বই প্রকাশ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন প্রধানমন্ত্রী সবসময় বলেন উত্তর পূর্বাঞ্চলের উন্নতি না হলে দেশ অগ্রসর হবে না। মুখ্যমন্ত্রী বলেন ত্রিপুরায় আইন শৃঙ্খলা উন্নত হওয়ায় বিনিয়োগকারীরা এখানে বিনিয়োগ করতে চাইছেন। উপস্থিত ছিলেন ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জী রিসার্চ ফাউন্ডেশনের চেয়ারম্যান ডঃ অনিবার্ণ গাঙ্গুলী, পদ্মশ্রী পূর্ণদাস বাউল সহ অন্যান্য বিশিষ্টজনেরা।

\*\*\*\*\*

#### **Industry Fair :**

আগরতলার হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ১৫ দিন ব্যাপী ৩৫তম শিল্প ও বাণিজ্য মেলা আগামী ২৯শে জানুয়ারী থেকে শুরু হবে। মেলা চলবে ১২ই ফেব্রুয়ারী পর্যন্ত। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা একথা জানান। তিনি জানান, মেলায় এবার মোট ৫১৫টি স্টল থাকবে।

\*\*\*\*\*

#### **Animesh Debbarma-DNA Club :**

বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেস দেববর্মা বলেছেন বিজ্ঞান ছাড়া কোন দেশ উন্নতি লাভ করতে পারে না। আজ প্রজ্ঞা ভবনে ডিএনএ ক্লাবের অন্তর্ভুক্ত বিদ্যালয়গুলির

শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র-ছাত্রীদের নিয়ে একদিনের এক প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, বর্তমানে রাজ্যের ১৭২টি স্কুলকে ডিএনএ ক্লাবের আওতায় নিয়ে আসা হয়েছে। এই ক্লাবের মাধ্যমে বিজ্ঞানভিত্তিক গবেষণা এবং জ্ঞানের আদান-প্রদানে বিভিন্ন কর্মসূচি পালন করা হচ্ছে। উপস্থিত ছিলেন বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব ডক্টর কে শশী কুমার, ত্রিপুরা বায়ো টেকনোলজি কাউন্সিলের সদস্য সচিব অঞ্জন সেনগুপ্ত। প্রশিক্ষণ শিবিরে ৪০টি স্কুলের প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রী সহ মোট ২৫০ জন উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

**Governor :**

আগামীকাল নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মদিন। এ উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, সুভাষচন্দ্র বসুর সুদৃঢ় মানসিকতা, অসাধারণ নেতৃত্ব, নিষ্ঠা ও মানসিক দৃঢ়তার জন্য দেশবাসী তাঁকে গর্বের সঙ্গে স্মরণ করবে। নেতাজীর আদর্শকে অনুসরণ করার জন্য তিনি যুব সমাজের প্রতি আবেদন জানান।

\*\*\*\*\*

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **MSP Hike :**

সরকার বিপণন মরসুম ২০২৫-২৬ এর জন্য কাঁচা পাটের ন্যূনতম সমর্থন মূল্য বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রিসভার সিদ্ধান্ত সম্পর্কে আজ নতুনদিল্লিতে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল সাংবাদিকদের বলেন, কাঁচা পাটের জন্য প্রতি কুইন্টাল পাঁচ হাজার ৬৫০ টাকা সহায়ক মূল্য প্রদান করা হবে যা আগের বিপণন মরসুম ২০২৪-২৫ থেকে ৩১৫ টাকা বেশি। তিনি বলেন, এটি পাট শিল্পের ওপর নির্ভরশীল ৪০ লক্ষ পরিবারকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সাহায্য করবে।

মন্ত্রী জানিয়েছেন যে কেন্দ্রীয় মন্ত্রিসভা জাতীয় স্বাস্থ্য মিশনের অগ্রগতি পর্যালোচনা করেছে। তিনি আরো বলেন যে কেন্দ্রীয় মন্ত্রিসভা আগের সিদ্ধান্ত অনুযায়ী আরও দুই বছরের জন্য এই মিশন চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। উল্লেখ্য, ২০২১ সালে, কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৬ সাল পর্যন্ত পাঁচ বছর, জাতীয় স্বাস্থ্য মিশনের সীমা বাড়িয়েছিল।

\*\*\*\*\*

#### **AIR-Seminar :**

ছাত্রসমাজ এবং তরুণ প্রজন্মের মধ্যে মাদকাসক্তি সম্পর্কে সচেতনতা বাড়াতে আকাশবাণী আগরতলা কেন্দ্রের উদ্যোগে বিভিন্ন কলেজে চলছে সেমিনার ও কুইজ প্রতিযোগিতা। আজ চতুর্থ সেমিনার অনুষ্ঠিত হয় কামালঘাট স্থিত ICFAI বিশ্ববিদ্যালয়ে। আলোচনার বিষয় ছিল মাদকাসক্তি থেকে মুক্ত থাকতে প্রয়োজনীয় পদক্ষেপ। অনুষ্ঠানে ICFAI বিশ্ববিদ্যালয়ের

উপাচার্য অধ্যাপক ড. বিপ্লব হালদার যুবসমাজকে সতর্ক করে মাদকাশক্তির বিরুদ্ধে সচেতন ও সক্রিয় হওয়ার আহ্বান জানান। সেমিনারে মুখ্য বক্তা হিসেবে ডা: কনক চৌধুরি, মন ও শরীরের উপর মাদকের ধ্বংসাত্মক প্রভাব স্লাইড শোর মাধ্যমে তুলে ধরেন। বক্তব্য রাখেন জাতীয় ফরেনসিক সায়েন্সেস ইউনিভার্সিটি, ত্রিপুরা ক্যাম্পাসের পরিচালক ড. এইচ. কে. প্রতিহারী, রেজিস্ট্রার ড. এ রঙ্গনাথ, আকাশবাণী আগরতলার কার্যক্রম শাখার প্রধান জয়শ্রী দেববর্মা ও বক্তব্য রাখেন। শিক্ষার্থীদের মধ্যে একটি কুইজ প্রতিযোগিতার অনুষ্ঠিত হয়। কুইজ মাস্টার হিসেবে উপস্থিত ছিলেন আকাশবাণী আগরতলা কেন্দ্রের কার্যক্রম আধিকারিক শুভেন্দু বাগ।

\*\*\*\*\*

#### **Police Week :**

পুলিশ সপ্তাহ উপলক্ষে আজ আগরতলা শহরে ছাত্রছাত্রীরা ট্রাফিক নিয়ন্ত্রণ করে। ট্রাফিক পুলিশের সহযোগিতায় আজ সারা রাজ্যে ৫০০টি স্থানে এই সচেতনতামূলক কার্যক্রমের আয়োজন করা হয়। ট্রাফিকের পুলিশ সুপার মানিক দাস এই কার্যক্রমে উপস্থিত ছিলেন।

#####Byte#####

\*\*\*\*\*

#### **Awareness Workshop-Bishalgarh :**

দুর্যোগ মোকাবেলা, বাল্য বিবাহ প্রতিরোধ ও নেশার বিরুদ্ধে আজ বিশালগড় টাউন হলে এক সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। বিশালগড় মহকুমা প্রশাসন আয়োজিত এই কর্মশালায় মহকুমার অন্তর্গত বিভিন্ন স্কুল থেকে ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকারা অংশ গ্রহণ করেন। উদ্বোধন করেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার। তিনি বলেন বাল্য বিবাহ প্রতিরোধে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষকদের পাশাপাশি

সমাজের সব অংশের মানুষকে এগিয়ে আসতে হবে। নেশার বিরুদ্ধেও জনআন্দোলন গড়ে তোলার আহ্বান জানান তিনি। যে কোন দুর্যোগের ঝুঁকি সচেতনতার মাধ্যমেই অনেকটা লাঘব করা যায় বলে তিনি উল্লেখ করেন। উপস্থিত ছিলেন বিশালগড়ের মহকুমা শাসক ডি.গোয়েল, মহকুমা পুলিশ আধিকারিক দুলাল চন্দ্র দত্ত প্রমুখ। NDRF-এর ইনস্পেক্টর রাকেশ কুমার মিনা সহ অন্য বিশেষজ্ঞরা উপস্থিত সবাইকে দুর্যোগ মোকাবেলা সহ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন। কর্মশালায় বাল্য বিবাহের বিরুদ্ধে শপথবাক্য পাঠ করা হয়।

\*\*\*\*\*

#### **Congress-Unakoti :**

বিধায়ক বীরজিৎ সিংহ আসন্ন বর্ষা মরশুমে বন্যার হাত থেকে কৈলাশহরকে রক্ষা করতে বাঁধ সংস্কার ও নতুন বাঁধ নির্মাণ করার দাবি জানিয়েছেন। আজ কৈলাশহরে কংগ্রেস ভবনে সাংবাদিক সম্মেলনে তিনি এই দাবি জানান। এবিষয়ে আগামী শনিবার শহরে এক ঘন্টার পথ অবরোধ এবং টিলাবাজার থেকে সীমান্তবর্তী দেবীপুর পর্যন্ত পদযাত্রা করা হবে বলেও জানান তিনি। সাংবাদিক সম্মেলনে পি,সি,সি সদস্য রুদ্রেন্দু ভট্টাচার্য, জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Skill Development :**

দক্ষতা উন্নয়ন বিষয়ক এক বৈঠক আজ কৈলাশহরে জেলা শাসকের দপ্তরের সভাকক্ষে হলে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, ভারপ্রাপ্ত জেলাশাসক বিজয় সিনহা, দক্ষতা উন্নয়ন দপ্তরের অতিরিক্ত অধিকর্তা সুভাষ দাস প্রমুখ। বৈঠকে দক্ষতা উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করা হয়।

\*\*\*\*\*

### **Khelo India :**

খেলো ইন্ডিয়া শীতকালীন ক্রীড়া-২০২৫-এর মধ্য দিয়ে আগামীকাল লাদাখে খেলো ইন্ডিয়া পর্বের সূচনা হবে। রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১৯টি দল ৫ দিনের এই প্রতিযোগিতায় আইস হকি এবং আইস স্কেটিং-এ অংশ নেবে। খেলো ইন্ডিয়ার দ্বিতীয় পর্ব আগামী ফেব্রুয়ারী মাসের ২২ থেকে ২৫ তারিখ পর্যন্ত জম্মু ও কাশ্মীরে অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় যুব বিষয়ক ক্রীড়া মন্ত্রী ড: মনসুখ মান্ডবিয়া লেহতে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

\*\*\*\*\*

### **Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। উদ্বোধনী দিনে দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত প্রথম খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ৪-০ গোলে আস্তাবল স্পোর্টস এন্ড কোচিং সেন্টারকে এবং দ্বিতীয় খেলায় কাতলামারা স্কুল ৩-১ গোলে স্বামী বিবেকানন্দ ক্লাবকে পরাজিত করে। খেলা শুরু হওয়ার আগে আসরের উদ্বোধন করেন ত্রিপুরা ক্রীড়া পর্ষদের সচিব সুকান্ত ঘোষ।

\*\*\*\*\*

### **Under 15 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতা আজ চারটি খেলা হয়। নেপকো মাঠে এডি নগর কোচিং সেন্টার ১৮১ রানে জুয়েলস কোচিং সেন্টারকে, তালতলা মাঠে দশমীঘাট কোচিং সেন্টার ৪ উইকেটে পোলস্টার ক্লাবকে, নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে মডার্ন ক্রিকেট একাডেমি ৩৩০ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে এবং



আশ্বেদকর মাঠে কর্নেল কোচিং সেন্টার ৭ উইকেটে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে।

\*\*\*\*\*

#### **Cricket-Sonamura :**

পুলিশ সপ্তাহ উপলক্ষে আজ সোনামুড়া মহকুমা পুলিশের উদ্যোগে সোনামুড়া মহকুমা পুলিশ ও সোনামুড়া প্রেস ক্লাবের মধ্যে এক প্রতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। সোনামুড়া স্পোর্টিং এসোসিয়েশন মাঠে আয়োজিত এই খেলায় ২৪ রানের ব্যবধানে পুলিশ দল জয়লাভ করে।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*